# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা।

website: www.bmeb.gov.bd

## ২০১৪ সালে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষা সংক্রান্ত

নং-বামাশিবো/পরী/দাখিল-২০১৪/২১৬ তারিখ ঃ ০৮-০৯-২০১৩খ্রিঃ।

## বিজ্ঞপ্তিঃ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাভুক্ত মাদরাসা প্রধান ও সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, ২০১৪ সালে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষার আবেদন ফরম Online-এ পূরণ (e-FF) এবং প্রয়োজনীয় ফি জমা দেয়ার সময়সূচি ও নিয়মাবলী নিম্নরূপঃ

| | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | ২০১৪ সালে দাখিল পরীক্ষায় (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) অংশ গ্রহণে ইচ্ছুক নিয়মিত, অনিয়মিত, জি.পি.এ উন্নয়ন এবং আংশিক (২০১৩ সালের দাখিল পরীক্ষায় ০১(এক) থেকে ০৪(চার) বিষয়/গ্রুপে অকৃতকার্য- যার জন্য যা প্রযোজ্য) সহ সকল পরীক্ষার্থীদের নিজ নিজ মাদরাসা প্রধানের নিকট সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ। | ২৪-০৯-২০১৩ |
| (খ) | নির্বাচনী পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের শেষ তারিখ। | ০৪-১১-২০১৩ |
| (গ) | বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের Web Site -এ পরীক্ষার্থীদের সম্ভাব্য তালিকা প্রদর্শনের তারিখ। | ০৫-১১-২০১৩ |
| (ঘ) | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে Online-এ ফরম (e-FF) পূরণ এবং TT স্লিপ বের করার তারিখ | ০৬-১১-২০১৩ হতে ১২-১১-২০১৩ |
| (ঙ) | প্রয়োজনীয় ফি সহ TT স্লিপের টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ | ১৭-১১-২০১৩ |
| (চ) | প্রতি পরীক্ষার্থী ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফি সহ Online-এ ফরম (e-FF) পূরণ ও TT স্লিপ বের করার তারিখ | ১৮-১১-২০১৩ হতে ২১-১১-২০১৩ |
| (ছ) | বিলম্ব ফি সহ TT স্লিপের টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ | ২৫-১১-২০১৩ |
| (জ) | চূড়ান্ত পরীক্ষার্থীর তালিকা বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের Web Site (www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)-এ প্রদর্শনের তারিখ। | ২৮-১১-২০১৩ |
| (ঝ) | চূড়ান্ত তালিকা ও TT করার রশিদের কপি (কেন্দ্র সচিব/তাঁর প্রতিনিধির মাধ্যমে) বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ | ০৫-১২-২০১৩ |
| ** | **জেডিসি পরীক্ষায় যে Pass Word ব্যবহার করা হয়েছে সে Pass Word দিয়েই দাখিল পরীক্ষার ফরম পূরণ করতে হবে।** | |

**বিঃ দ্রঃ উল্লেখিত তারিখের পরে কোন অবস্থায় Online-এ ফরম পূরণ ও TT গ্রহণ করা হবে না। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।**

**১. পরীক্ষার্থী নির্বাচন ও করনীয়ঃ**

(ক) নিয়মিত, অনিয়মিত (RP) জিপিএ উন্নয়ন ও আংশিক (এক থেকে চার বিষয়/গ্রুপে অকৃতকার্য-যার জন্য যা প্রযোজ্য) সকল পরীক্ষার্থী বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, কর্তৃক প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যসূচী (সিলেবাস) অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

(খ) সকল পরীক্ষার্থীর জন্য (GPA উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়। নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র মাদরাসা কর্তৃপক্ষকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। প্রয়োজনবোধে নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করতে হবে।

(গ) ২০১০-২০১১ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষের রেজিষ্ট্রেশনধারী ছাত্র-ছাত্রীরা ২০১২ ও ২০১৩ সালের দাখিল পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা ২০১৪ সালের দাখিল পরীক্ষায় অনিয়মিত (RP) পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(ঘ) ২০১২ ও ২০১৩ সালের দাখিল পরীক্ষায় অনিয়মিত ও নিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে (এক থেকে চার) বিষয়/ গ্রুপের অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে ২০১৪ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উক্ত পরীক্ষার্থীগণ ৪র্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। পরীক্ষায় অংশগ্রহণকৃত বিষয়/ বিষয়সমূহে GP উত্তীর্ণ বিষয়/ বিষয়সমূহের সংরক্ষিত GP এর সাথে যোগ করে পরীক্ষার্থীর GPA নির্ণয় করা হবে। তবে তারা ইচ্ছা করলে সকল বিষয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ঙ) কেবল ২০১৩ সালের দাখিল পরীক্ষায় নিয়মিত (শিক্ষাবর্ষ ২০১১-২০১২) পরীক্ষার্থীর মধ্যে যারা ৪র্থ বিষয় বাদে আবশ্যিক বিষয়সমূহে "D" অথবা তদুর্ধ গ্রেড প্রাপ্ত (GPA ৫.০০এর কম) তারা ইচ্ছা করলে ২০১৪ সালের দাখিল পরীক্ষায় GPA উন্নয়নের জন্য সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই রেজিষ্ট্রেশনে উল্লেখিত বিষয় ও মাদরাসা পরিবর্তন করা যাবে না। তাদের Online-এ ফরম পূরণসহ প্রয়োজনীয় কাগজপত্রের যথাস্থানে পূর্বের রেজিষ্ট্রেশন নম্বর, রোল নম্বর, প্রাপ্ত GPA উল্লেখ করতে হবে। Online-এ পূরণকৃত ফরমের প্রিন্ট আউট-এর ক্রমিকের স্থলে GPA উন্নয়ন শব্দটি লিখতে হবে। তাদের পরীক্ষার পূরণকৃত ফরমের সাথে ২০১৩ সালের দাখিল পরীক্ষার মূল প্রবেশপত্র ও

একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি অবশ্যই সংযোজন করে চূড়ান্ত তালিকার সাথে জমা দিতে হবে। পরীক্ষার্থীর GPA উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের GPA বহাল থাকবে।

(চ) কোন অবস্থাতেই এক মাদরাসার রেজিস্ট্রেশনধারী ছাত্র-ছাত্রী বোর্ডের ছাড়পত্র ব্যতীত অন্য কোন মাদরাসার মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। ছাড়পত্র গ্রহণকারী পরীক্ষার্থী ছাড়পত্রের ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি পূরণকৃত চূড়ান্ত তালিকা ফরমের সাথে জমা দিতে হবে।

(ছ) কেবল ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রী যারা অতিরিক্ত বিষয় ছাড়া সর্বোচ্চ ১(এক) বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ ২০১৩ সালে শেষ হয়েছে তারা পরীক্ষার ফরম পূরণ (e-FF)-এর পূর্বে ২০০.০০(দুইশত) টাকা ফি প্রদান করতঃ রেজিস্ট্রেশনের মেয়াদ নবায়ন করে শুধু ২০১৪ সালের দাখিল পরীক্ষায় ঐ অকৃতকার্য বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(জ) কেবল ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রী যারা ২০১৪ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহন করবে তারা বাংলা ও ইসলামের ইতিহাস বিষয়ে সৃজনশীল পদ্ধতির প্রশ্নপত্র অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। উল্লেখিত বিষয় ব্যতীত অন্যান্য বিষয়ে পূর্বের ধারা অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঝ) কেবল ২০১০-২০১১ শিক্ষাবর্ষের ছাত্র- ছাত্রীরা বাংলা, ইসলামের ইতিহাস, কুরআন মাজীদ, সামাজিক বিজ্ঞান ও রসায়ন বিজ্ঞান বিষয়ে সৃজনশীল পদ্ধতির প্রশ্নপত্র অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। উল্লেখিত বিষয় ব্যতীত অন্যান্য বিষয়ে পূর্বের ধারা অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঞ) কেবল ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী ছাত্র-ছাত্রীরা ২০১৪ সালের দাখিল পরীক্ষায় বাংলা, ইসলামের ইতিহাস, কুরআন মাজীদ, সামাজিক বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান এবং কম্পিউটার শিক্ষা বিষয়ে সৃজনশীল পদ্ধতির প্রশ্নপত্র অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। উল্লেখিত বিষয় ব্যতীত অন্যান্য বিষয়ে পূর্বের ধারা অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ট) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত বিষয়/ বিষয়সমূহে-ই তাকে পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে। বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজিস্ট্রেশন কার্ড বহির্ভূত কোন বিষয়/ বিষয়সমূহে পরীক্ষায় অংশ গ্রহন করলে অংশগ্রহনকৃত বিষয়/ বিষয়সমূহ বাদ দিয়ে-ই তার ফল প্রকাশ করা হবে।

(ঠ) যে সকল উপজেলায় দাখিল পর্যায়ের পরীক্ষা কেন্দ্র আছে সেই উপজেলাস্থ মাদরাসা কোন ক্রমেই অন্য উপজেলার/জেলার পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দেওয়ার জন্য আবেদন করতে পারবে না। প্রত্যেক মাদরাসাকে নিজ উপজেলাস্থ পরীক্ষা কেন্দ্রকে পরীক্ষা কেন্দ্র হিসেবে উল্লেখ করতে হবে।

(ড) পরীক্ষার ফি নির্ধারিত তারিখের মধ্যে রেজিষ্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা হিসাব নম্বর ৩৩০০১০৩৫ সোনালী ব্যাংক লিমিটেড, বি.এম.ই.বি, শাখা, ঢাকায় টিটির মাধ্যমে প্রেরণ করতে হবে

(ঢ) Online-এ ফরম পূরণের পর বিলম্ব ফি সহ চূড়ান্ত পরীক্ষার্থীদের তালিকা (Final Candidates List) Download করে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় মাদরাসা প্রধানের স্বাক্ষর প্রদান করে এক কপি তালিকা সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট ০১-১২-২০১৩ তারিখের মধ্যে জমা দিতে হবে এবং কেন্দ্র সচিব/তাঁর প্রতিনিধি চূড়ান্ত পরীক্ষার্থীদের তালিকা (হাতে হাতে) উপ- পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা) এবং টিটির মূল রশিদ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের হিসাব রক্ষণ অফিসারের নিকট ০৫-১২-২০১৩ তারিখের মধ্যে জমা দিতে হবে এবং এক কপি মাদরাসায় সংরক্ষণ করতে হবে।

২. **ফি এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলোঃ**

| পরীক্ষার্থীর ধরণ | পরীক্ষার্থীর ফি (প্রতি পত্র) | ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার্থীর ফি (প্রতি পত্র) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | রিটেনশন (আর.পি) ফি (অনিয়মিত) পরীক্ষার্থীদের বেলায় | জিপিএ উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার স্কাউট/গালর্স গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) | ক্রীড়া এফিলিয়েশন ফি (প্রতি মাদরাসা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| নিয়মিত | ৬৫.০০ | ২৫.০০ | ৩৫.০০ | ১০০.০০ | -- | -- | ৫.০০ | ১৫.০০ | -- |
| অনিয়মিত (যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে) | ৬৫.০০ | ২৫.০০ | ৩৫.০০ | -- | ১০০.০০ | -- | ৫.০০ | ১৫.০০ | ২০০.০০ (একবার) |
| অনিয়মিত (যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি) | ৬৫.০০ | ২৫.০০ | ৩৫.০০ | ১০০.০০ | ১০০.০০ | -- | ৫.০০ | ১৫.০০ | -- |
| জিপিএ উন্নয়ন | ৬৫.০০ | ২৫.০০ | ৩৫.০০ | ১০০.০০ | -- | ১০০.০০ | ৫.০০ | ১৫.০০ | |

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা।

website: www.bmeb.gov.bd

**বিঃ দ্রঃ যে সকল অনিয়মিত পরীক্ষার্থী একবার দাখিল পরীক্ষায় অংশগ্রহনের জন্য আবেদন ফরম পূরণ করে প্রবেশপত্র পেয়েছে তাদেরকে রেজিষ্ট্রেশনের মেয়াদের মধ্যে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পুনরায় সনদ ফি প্রদান করতে হবে না। তবে প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।**

৩. দাখিল রেজিষ্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী- ২০০.০০ (দুইশত) টাকা।

৪. দাখিল রেজিষ্ট্রেশন নবায়নের বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী- ১০০.০০ (একশত) টাকা।

৫. যে সকল পরীক্ষার্থী-২০১২ সালের দাখিল পরীক্ষায় ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে (অতিরিক্ত বিষয় বাদে) অকৃতকার্য হয়ে ২০১৩ সালে দাখিল পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহন করে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৪ সালের দাখিল পরীক্ষায় জি.পি.এ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৬. **কেন্দ্র ফি (কেন্দ্র সচিবকে দিতে হবে)ঃ**
(ক) দাখিল পরীক্ষার প্রতি পরীক্ষার্থীর যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (জন প্রতি) কেন্দ্র ফি ২০০.০০ (দুইশত) টাকা।
(খ) সকল প্রকারে পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (জন প্রতি) ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা।

**বিঃ দ্রঃ বহিস্কৃত/রিপোর্টেড পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন অবস্থাতেই Online-এ ফরম (eFF) পূরণ ও টিটি করা যাবে না এ ধরণের পরীক্ষার্থীর টিটি বোর্ডে জমা দিলে সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ দায়ী থাকবেন। মাদরাসা প্রধানগণকে অবশ্যই নামসহ সীল ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যে সকল বহিস্কৃত/রিপোর্টেড পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে ২০১৪ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কিন্তু রেজিষ্ট্রেশনের মেয়াদ না থাকলে মেয়াদ নবায়ন করা যাবে না।**

**এই বিজ্ঞপ্তিটি মাদরাসা বোর্ডের নিজস্ব Web Site-এ পাওয়া যাবে। (www.bmeb.gov.bd)**

**স্বাক্ষরিত/-**
**০৮-০৯-২০১৩**
**(মোঃ নজমুল হুদা)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন-৮৬২৫৯১৮।

নং-বামাশিবো/পরী/দাখিল-২০১৪/২১৬ তারিখ ঃ ০৮-০৯-২০১৩খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৮. সকল কর্মকর্তা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিস্টেম এনালিষ্ট, মাদরাসা শিক্ষা বোর্ড কম্পিউটার সেন্টার, ধানমন্ডি, ঢাকা।
১০. প্রোগ্রামার (আইসিটি ইন চার্জ), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা। তাঁকে এই বিজ্ঞপ্তিটি বোর্ডের Web Site-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১. সহকারী পরিদর্শক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যামিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।
১২. জেলা শিক্ষা অফিসার (সকল)। বিজ্ঞপ্তিটি উল্লেখিত তারিখের মধ্যে নির্বাচনী পরীক্ষা সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩. অধ্যক্ষ/সুপার, অনুমতি/স্বীকৃতিপ্রপ্ত দাখিল মাদরাসা (সকল)।
১৪. পি.এ.টু- চেয়ারম্যান/রেজিস্ট্রার/পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. অফিস কপি।

**এই বিজ্ঞপ্তিটি মাদরাসা বোর্ডের নিজস্ব Web Site-এ পাওয়া যাবে। (www.bmeb.gov.bd)**

**স্বাক্ষরিত/-**
**০৮-০৯-২০১৩**
**(মোঃ মুরশিদ আলম)**
**উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)**
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন-৯৬৭৫২৪৮।